# স্থানীয় সরকার সহায়তার জন্য কী করতে পারে?

Te Korowai Whetū
Social Cohesion



## স্থানীয় সরকারে অংশভুক্ত হওয়া

স্থানীয় সরকার স্থানীয় সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করে, এটি লোকেদের মনে করতে সাহায্য করে যে তারা সমাজের একটি অংশ, অন্তর্ভুক্ত, তারা নিজেদের মত থাকতে পারে এবং সমাজে অংশ নিতে পারে। স্থানীয় কাউন্সিলগুলি নির্দিষ্ট সম্প্রদায় সহায়তা প্রোগ্রামগুলির সাথে সম্প্রদায়ের নেতৃত্বে নেওয়া সমাধান সহ স্থানীয় সমস্যাগুলির উপর বাসিন্দাদের সাথে সরাসরি কাজ করে। এই প্রোগ্রামগুলিতে এগুলির জন্য সমর্থন অন্তর্ভুক্ত থাকতে পারে:

- বাসস্থান, গৃহহীনতা
- প্রতিবন্ধী বাসিন্দাদের জন্য সুযোগ ব্যবহার করার সুবিধা
- কমিউনিটি সেন্টার
- স্বেচ্ছাসেবা
- কমিউনিটি নিরাপত্তা
- বৈচিত্র্যময়, Māori, প্রশান্ত মহাসাগরীয় জনগণ, প্রবীণ নাগরিক, যুবক, একই ধর্মীয় বিশ্বাসযুক্ত সম্প্রদায়
- শিল্প ও সংস্কৃতি

আপনি যে সম্প্রদায়েই থাকুন না কেন - এটি আপনার রাস্তা, আপনার প্রতিবেশী, ক্লাব, পেশাদার সমিতি, স্কুল, উপাসনার স্থান বা সাংস্কৃতিক গোষ্ঠী যাই হোক না কেন - এটির অংশভুক্ত হতে, অন্তর্ভুক্ত বোধ করতে, নিজের মত থাকতে এবং কোনও কিছুর অংশ হতে ভাল লাগে।

আমরা সবাই আলাদা কিন্তু আমরা একসাথে এগিয়ে যেতে, আমাদের বৈচিত্রের গুরুত্ব দিতে এবং যখন আমরা একমত নই তখন অন্যদের সম্মান করতে চাই। এটি গুরুত্বপূর্ণ কারণ সবাই মনে করে না যে তারা তাদের মত থাকতে পারে বা বিশ্বাস করে যে তাদের কথা শোনা হবে।

আমরা একটি ক্রমবর্ধমান বৈচিত্র্যময় দেশ যেখানে অনেকগুলি বিভিন্ন সম্প্রদায় রয়েছে এবং আমাদের একে অপরের কথা শোনার এবং একে অপরকে শোনার উপায় খুঁজে বের করতে হবে। আমরা আমাদের পার্থক্য এবং শক্তিগুলি বোঝার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে চাই এবং কী আমাদের একত্রিত করে এবং আমাদের আরও কাছাকাছি নিয়ে আসে তা নিয়ে কাজ করতে চাই।

অংশভুক্ত হওয়া

# - এটি কি রকম

এমন একটি সমাজ যেখানে লোকেদের মধ্যে ভাল সম্পর্ক আছে, আমরা একে অপরকে জানি, আমাদের প্রতিবেশীদের জানি, আমাদের কর্মক্ষেত্রে অন্তর্ভুক্ত বোধ করি, এবং আমরা জানি যে আমাদের প্রয়োজনের সময় সাহায্য পেতে কোথায় যেতে হয়। আমরা মনে করি যে আমরা এমন লোকদের সাথে কথা বলতে পারি যাদের সাথে হয়ত আমরা সাধারণত কথা বলি না, যখন আমরা লোকেদের বৈষম্যমূলক কথা বলতে শুনি তখন প্রতিবাদ করি এবং আমরা কে, আমরা কোথা থেকে এসেছি এবং কীভাবে আমরা জিনিসগুলি করি তা নির্দ্বিধায় ভাগ করে নিতে পারি। সংকটে আমরা কাউকে পিছনে ফেলে যাই না - প্রত্যেককে অন্তর্ভুক্ত করা হয়।

আরো অংশভুক্ত হওয়া গড়ে তোলা

# – আপনি কি করতে পারেন

**সুতরাং, আরও বেশি লোককে অংশভুক্ত করতে, বৈচিত্র্যকে মেনে নিতে, অংশ নিতে, অন্যকে বিশ্বাস করতে, সংযুক্ত বোধ করতে এবং সম্মানিত বোধ করতে সহায়তা করার জন্য আমরা স্থানীয় সরকারে কী করতে পারি?**

## অংশভুক্ত হওয়া, অন্যকে বিশ্বাস করা

- Iwi এবং সমস্ত Māori সংস্থাগুলি এবং NGO-দের সাথে সহযোগিতা করুন যাতে স্থানীয় পর্যায়ে লোকদের সাহায্য করার জন্য স্থানীয় নেতৃত্বে উপায় তৈরি করা যায়।
- বিশ্বাস এবং সম্পর্ক গড়ে তোলার জন্য তাদের উপযুক্ত সময়ে তাদের স্থানগুলিতে সম্প্রদায়ের সাথে দেখা করার জন্য সময় নিন:
  - উদাহরণস্বরূপ, অকল্যান্ড কাউন্সিলের সাদার্ন ইনিশিয়েটিভ দক্ষিণ অকল্যান্ডের সামাজিক ও অর্থনৈতিক সমস্যাগুলির সমাধান খুঁজে বের করার জন্য স্থানীয় কাউন্সিলের কর্মী, পরিবার, সম্প্রদায়, NGO এবং ব্যবসাগুলিকে একত্রিত করে।

## বৈচিত্র্যকে মেনে নেওয়া, সম্মানিত বোধ করা

- কর্মীদের জন্য অন্তর্ভুক্তিমূলক নেতৃত্ব এবং সাংস্কৃতিক দক্ষতার ট্রেনিং উৎসাহিত করুন এবং সম্প্রদায়ের সাথে সংযোগ স্থাপনের জন্য ব্যবহার করার সুবিধা আছে এমন কমিউনিটি স্পেসের ব্যবস্থা করুন।
- উদাহরণগুলির মধ্যে রয়েছে:
  - ইমিগ্রেশন নিউজিল্যান্ডের ওয়েলকামিং কমিউনিটি প্রোগ্রামে যোগদান
  - Taituará এর (পূর্বে সোসাইটি অব লোকাল গভর্ণমেন্ট ম্যানেজার্স) বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তি দক্ষতা গড়ে তোলার প্রোগ্রাম 'লিপ' ব্যবহার করে।
  - আপনার সম্প্রদায়ের সুস্থতার বর্তমান অবস্থা এবং এটিকে উন্নত করার জন্য আপনার প্রচেষ্টাকে কোথায় কেন্দ্রীভূত করতে পারেন তা বোঝার জন্য Taituará এর কমিউনিটি ওয়েলবিয়িং ডেটা সার্ভিস ব্যবহার করে।

## সংযুক্ত বোধ করা

বিভিন্ন গ্রুপকে একসাথে ইতিবাচকভাবে কাজ করার জন্য উৎসাহিত করুন:

- আনুপাতিক রিপোর্টিং-এর প্রয়োজনীয়তা সহ সম্প্রদায়ের অনুষ্ঠানগুলির জন্য অ্যাক্সেসযোগ্য অনুদান তহবিল
- বিনামূল্যে বা ছাড়যুক্ত কমিউনিটি সেন্টার ভাড়া দেওয়ার পরিষেবা
- বিনামূল্যে কমিউনিটি অনুষ্ঠান
- নেবারহুড ডে ইভেন্টগুলি চালানোর জন্য আশেপাশের এলাকা এবং সম্প্রদায়ের জন্য তহবিল বা একটি মুক্ত স্থান।

## অংশগ্রহণ করা

- মাঝে মাঝে মানুষের জন্য কাজ করে এমন সহজ এবং আরও ব্যবহার করার সুবিধাযুক্ত কনসাল্টেশনের ইভেন্টগুলি রাখুন (সপ্তাহের দিনগুলিতে বিকেল 5টার পরে এবং সপ্তাহান্তে), 'যোগাযোগ করা কঠিন' সম্প্রদায়ের সাথে যোগাযোগ করুন, সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে Māori প্রতিনিধিত্বকে শক্তিশালী করা এবং নির্বাচনের আগে বিনামূল্যে নাগরিক শিক্ষা ওয়ার্কশপ প্রদান করা বা নাগরিক শিক্ষার জন্য আরও বিস্তৃতভাবে তহবিল সরবরাহ করা
- social cohesion-এর জন্য একটি দীর্ঘমেয়াদী স্থানীয় সরকারী পরিকল্পনা বিকাশের উপর সপ্তাহান্তে ড্রপ-ইন সেশন নিন।
- Kōrerorero, Kupu এবং Ako Tahi এর মতো বিনামূল্যে অনলাইন অ্যাপ্লিকেশনগুলি ব্যবহার করে Te Reo Māor, Aotearoa নিউজিল্যান্ড এবং Te Tiriti o Waitangi শিখুন বা Te Wánanga o Aotearoa এর মাধ্যমে একটি কোর্সে সাইন আপ করুন, আপনার স্থানীয় যাদুঘরে ইতিহাস প্রদর্শনীগুলি দেখুন, বা আপনার স্থানীয় লাইব্রেরি থেকে NZ ইতিহাসের বই ধার করুন।
- বৈষম্যমূলক আচরণ প্রদর্শন করছে এমন কারও সাথে সাহসের সাথে কথাবার্তা বলুন। মানবাধিকার কমিশনের ওয়েবসাইটে রিসোর্সগুলি সহায়ক হতে পারে, যেমন বর্ণবাদের প্রতিক্রিয়া।
- কর্মী এবং অন্যান্য প্রতিনিধিদের জন্য ট্রেনিং-এর উদ্যোগগুলি দেখুন।
- অনুদান ব্যবস্থাপনা সিস্টেমের মাধ্যমে বা কমিউনিটি-নেতৃত্বাধীন উন্নয়ন প্রোগ্রামের মাধ্যমে আপনার সম্প্রদায়ের প্রকল্প, COGS বা লটারিরজন্য অর্থ জোগার করার জন্য সরকারী সংস্থাগুলিতে ফান্ডিং অ্যাপ্লিকেশনের জন্য আবেদন করুন।

Te Korowai Whetū
Social Cohesion